DEC. 02 2001

তারিখ ... পৃষ্ঠা ৮ ... কলাম ... ৩

ভোরের কাগজ

# শিক্ষক-কর্মচারীদের ধর্মঘটে দেশের ৬ টেক্সটাইল ইনস্টিটিউটে অচলাবস্থা

কে এস রহমান শফি, টাঙ্গাইল থেকে : টাঙ্গাইলসহ দেশের ৬টি টেক্সটাইল ইনস্টিটিউট-এর শিক্ষক ও কর্মচারীদের কর্মবিরতি অব্যাহত রয়েছে। অবিলম্বে দাবি মানা না হলে নতুন আন্দালনের কর্মসূচি নেওয়া হবে বলে নেতৃবৃন্দ জানিয়েছেন। বাংলাদেশ টেক্সটাইল শিক্ষক সমিতি অবিলম্বে সকল শিক্ষক-কর্মচারীর বেতনভাতা চালুসহ ৬ দফা বাস্তবায়নের দাবিতে গত ২১ নভেম্বর থেকে এ কর্মবিরতি শুরু করে।

শিক্ষকদের দাবির মধ্যে রয়েছে ৬টি টেক্সটাইল ইনস্টিটিউটে আধুনিকীকরণ শীর্ষক প্রকল্পের আওতায় নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের প্রকল্পের মেয়াদান্তে কর্মস্থলে থাকার নির্দেশ জারি, মেকআপ কোর্সের জন্য ৩০% ও ৪০% হারে সম্মানী ভাতা ফেরত দেওয়ার নির্দেশ প্রত্যাহার, উন্নয়ন প্রকল্পে নিয়োজিত জনবলকে প্রকল্পের মেয়াদান্তে রাজস্ব খাতে স্থানান্তর, সকল শিক্ষক-কর্মচারীর চাকরি নিয়মিতকরণ ও বস্ত্র দপ্তরের হেলপার, সুপারভাইজার এবং সহকারী ইন্সট্রাক্টরদের অতিসত্বর পদোন্নতির ব্যবস্থাকরণ।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ১৯২১ সালে ব্রিটিশ সরকার নারিকেল ও ছোবড়া শিল্পের উন্নয়নের লক্ষ্যে সে বিষয়ে পড়াশুনার জন্য দেশে ২৭টি ভ্রাম্যমাণ বিদ্যালয় প্রতিষ্ঠা করে। এরপর ১৯২৬ সালে প্রতিষ্ঠিত হয় ৬টি জেলা বয়ন বিদ্যালয়। এখান থেকে টেক্সটাইল আর্টিজেনশিপ সার্টিফিকেট দেওয়া হতো। অন্যদিকে পাট ও বস্ত্র শিল্পের জন্য মধ্যমানের প্রযুক্তিবিদ তৈরির একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান ছিল ঢাকার তেজগাঁওয়ে ইনস্টিটিউট অব টেকনোলজি। ১৯৭৮ সাল থেকে এই প্রতিষ্ঠানের নাম কলেজ অব টেক্সটাইল টেকনোলজি করা হয়। সেই সময় থেকে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স বন্ধ করে ৪ বছরমেয়াদি বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজি কোর্স চালু করা হয়।

এরপর ১৯৮০ সালে ডিপ্লোমার বিকল্প হিসেবে ৬টি বয়ন বিদ্যালয়কে টেক্সটাইল ইনস্টিটিউট নাম দিয়ে ২ বছরমেয়াদি টেক্সটাইল সার্টিফিকেট কোর্স চালু করা হয়। ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে সার্টিফিকেট কোর্স বন্ধ করে ৩ বছরমেয়াদি ডিপ্লোমা কোর্স প্রব... করা হয়। সে সময় বস্ত্র দপ্তরের মাধ্যমে সরকার 'ইনস্টিটিউট ... টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি' শীর্ষক প্রকল্প হাতে ... প্রকল্পের মেয়াদ '৯৬-এর জুনে শেষ হওয়ার পর তা সংস্থ... মন্ত্রণালয়ের সুপারিশক্রমে রাজস্ব খাতে স্থানান্তরিত হয়।

সূত্র জানায়, রিটেনশনের অজুহাতে এ বছর জুলাই মাস থে... রাজস্ব খাতে স্থানান্তরিত ৬টি ইনস্টিটিউটের ৮১টি পদের বেত... ভাতাদি বন্ধ হয়ে যায়। এ ছাড়া আধুনিকীকরণ প্রকল্পের আও... ৬টি টেক্সটাইল ইনস্টিটিউটে '৯৯ সালে ২৪ জন করে ১৪৪ ... শিক্ষক-কর্মচারী নিয়োগ করা হয়। এই প্রকল্পের মেয়াদও এ ... জুনে শেষ হয়ে যায়। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করার কথা থাকলেও কার্যকর হয়নি। ফলে বিগত ৪ মাস ধরে শিক্ষক-কর্মচারীরা বে... ও ভাতাদি না পেয়ে মানবেতর জীবনযাপন করছেন।

'৯৫ সালে প্রকল্পের মাধ্যমে মেক আপ কোর্স চালু করা ... প্রকল্পে জনবল নিয়োগ এবং যন্ত্রপাতি ক্রয় করা হয়। বৈকা... শিফটে চালু করা মেক আপ কোর্সের মাধ্যমে টাঙ্গাইল টেক্সটা... ইনস্টিটিউট থেকে ৮৫ জন ছাত্রছাত্রী ডিপ্লোমা কোর্স সম্পন্ন ক... অন্যান্য প্রতিষ্ঠানের (পলিটেকনিক) মতোই বৈকালীক শি... নিয়োজিত শিক্ষক-কর্মচারীরা ৪০ ভাগ ভাতা পান। গত ... সেপ্টেম্বর বস্ত্র মন্ত্রণালয় এক চিঠিতে ঐ ৪০ ভাগ ভাতা যে... দেওয়ার চিঠি দেয়। অথচ এই প্রকল্পের জন্য বরাদ্দ ৬৩ ... টাকার মধ্যে ৬১ লাখ টাকা খরচ হয়। এর মধ্যে শিক্ষ... কর্মচারীদের ভাতা বাবদ ৩৭ লাখ ১৩ হাজার টাকা ব্যয় হয় ... বাকি টাকা দিয়ে মেশিনপত্র ক্রয় করা হয়। মন্ত্রণালয় ভাতার ... ফেরত চাইলেও মেশিনপত্র ক্রয়ের টাকা ফেরত চায়নি।

বাংলাদেশ টেক্সটাইল শিক্ষক সমিতি দেশের ৬টি টেক্সটা... ইনস্টিটিউটে কর্মবিরতি পালন করায় সেখানে অধ্যয়নরত প্রা... হাজার ২০০ ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। টাঙ্গা... ছাড়াও চট্টগ্রাম, বরিশাল, নোয়াখালী, পাবনা ও দিনাজপুর টেক্সট... ইনস্টিটিউটেও কর্মবিরতি অব্যাহত রয়েছে।